প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

স্মারক নং- বাকাশিবো/(প-২)/৫৮৫(পার্ট-৭)/২৪২১ তারিখঃ ১৭-০৮-২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য় পর্ব (২০১০ প্রবিধানভুক্ত) পরিপূরক পরীক্ষা আগামী ২৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ রোজ রবিবার হতে স্ব-স্ব প্রতিষ্ঠানসমূহে/ বোর্ড নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। জুন-জুলাই ২০১৬ মাসে অনুষ্ঠিত ২য় পর্ব সমাপনী পরীক্ষায় শুধুমাত্র এক/দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরাই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩(অফিস)

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান ২০১০ এবং উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণভিত্তিক পাঠ্যসূচি ও মানবন্টন অনুযায়ী ২য় পর্ব (২০১০ প্রবিধানভুক্ত) পরিপূরক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হল।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ

১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সংশ্লিষ্ট পর্বের ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে।

১.২ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য় পর্ব (২০১০ প্রবিধান) পরীক্ষার্থীদের Final List এ স্বাক্ষরযুক্ত প্রিন্ট-আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচিত হবে। উক্ত শিক্ষাক্রমের ২য় পর্ব (২০১০ প্রবিধান) পরিপূরক পরীক্ষার প্রিন্ট-আউট কপি নির্ধারিত অনুচ্ছেদ ৩.৭ -এ বর্ণিত তারিখ অনুযায়ী অত্র বোর্ডের website হতে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, website হতে সংগ্রহকৃত Final List এর প্রিন্ট-আউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্টআউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

১.৩ ২য় পর্বের (২০১০ প্রবিধানভুক্ত) পরিপূরক পরীক্ষার্থীকে লিখুবিহীন উত্তরপত্রে পরীক্ষা দিতে হবে।

২। পরীক্ষার ফিসমূহের হারঃ

ক্রমিক নং	ফি এর বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	পরীক্ষার ফি	২২৫/-	বোর্ডে প্রেরণ যোগ্য
২	কেন্দ্র ফি	২০০/-	
৩	নম্বরপত্র ফি	৫০/-	

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলীঃ

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরিপূরক পরীক্ষার ফি-এর অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** এর অনুকূলে প্রদান করতঃ ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি **সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা** হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.২ পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপি এবং পরীক্ষার ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্টআউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি বাতিল করা হবে।

৩.৪ পরিপূরক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিলে (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই নিয়ম অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয়-ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবর প্রেরণ করতে হবে।

৩.৫ ব্যাংক ড্রাফট্ সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৬ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজিভিত্তিক পরিপূরক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রোল নম্বর ও শিফট্	রেজিঃ নম্বর ও সেশন	দেয় বিষয়/বিষয়সমূহ	পরীক্ষার ফি	বিলম্ব ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

৩.৭ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি-সহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট-আউট কপি অত্র বোর্ডে জমা/ গ্রহণের শেষ তারিখ	অত্র বোর্ডের **website** এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	নির্ধারিত তারিখ (০১-০৯-২০১৬) এর পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ০৪-০৯-২০১৬ তারিখ পর্যন্ত প্রিন্ট-আউট কপি, ফরোয়ার্ডিং ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই প্রিন্ট-আউট কপি, ফরোয়ার্ডিং ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ করার তারিখ	প্রবেশপত্র সংশোধনের সময়সীমা
২৮-০৮-২০১৬	২৯-০৮-২০১৬	৩১-০৮-২০১৬ (ঢাকা বিভাগ ব্যতীত সকল বিভাগ) ০১-০৯-২০১৬ (শুধুমাত্র ঢাকা বিভাগ)	২১-০৮-২০১৬ হতে ২৯-০৮-২০১৬		১৮-০৯-২০১৬ (ঢাকা বিভাগ ব্যতীত সকল বিভাগ) ১৯-০৯-২০১৬ (শুধুমাত্র ঢাকা বিভাগ)	১৮-০৯-২০১৬ হতে ২৫-০৯-২০১৬

৩.৮ পরিপূরক পরীক্ষার প্রিন্টআউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.৯ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলীঃ

৪.১ পরিপূরক পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটিমাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও প্রিন্ট-আউট কপিসমূহ ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে।(ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যেম প্রিন্ট-আউট প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ড অফিসে জমা প্রদান নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে যে কোন প্রকারেরর উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম/প্রিন্ট-আউট কপি ও ব্যাংক ড্রাফট ৩.৭ অনুচ্ছেদে বর্ণিত তারিখ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপিতে স্বাক্ষরের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪.৪ অনলাইনে তথ্য এন্ট্রি করার সময় পরিপূরক পরীক্ষার বিষয় কোড উল্লেখ করতে হবে।

৪.৫ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে প্রেরণ করতে হবে এবং পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় পূর্বের উত্তরপত্র সমন্বয় করে গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না।

বিঃদ্রঃ

(ক) পরিপূরক পরীক্ষার বিষয়ভিত্তিক প্রশ্নপত্রের চাহিদা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), ৮ম তলায় ০১-০৯-২০১৬খ্রিঃ এর মধ্যে হাতে হাতে জমা দিতে হবে।

(খ) পরিপূরক পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক ফলাফল প্রকাশ করে সকল পরীক্ষার্থীর GPA নম্বর ০৯-১০-২০১৬খ্রিঃ হতে ১৩-১০-২০০১৬খ্রিঃ পর্যন্ত Online -এ এন্ট্রি করতে হবে।

স্মারক নং- বাকাশিবো/(প-২)/৫৮৫(পার্ট-৭)/২৪২১(১৩) তারিখঃ ১৭-০৮-২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপিরচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট ....।
৫. অধ্যক্ষ/পরিচালক, ...।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি website এ প্রকাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
[দৃষ্টি আকর্ষণঃ প্রোগ্রামার (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত)]
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/গোপনীয়/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬